

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১১০০, বাংলাদেশ।  
ফোন : ৯৫৩৪২৫৫  
ফ্যাক্স : (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২(৬)/২০০৮/৯১০

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৪  
০৬ ফেব্রুয়ারি, ২০১৮


### বিজ্ঞপ্তি


জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮” যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্তে জগন্নাথ বিশ্ববিদ্যালয়(জবি) নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করেছে:

- ১। ২০ ফেব্রুয়ারি, ২০১৮ মঙ্গলবার দিবাগত রাত্রি ১২:০১ মিনিটে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবেন।
- ২। ২১ ফেব্রুয়ারি, ২০১৮ বুধবার সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনিমিত)।
- ৩। ২১ ফেব্রুয়ারি, ২০১৮ বুধবার সকাল ৭:০০ ঘটিকায় ঢাকা নিউমার্কেটের দক্ষিণ গেইট (১নং গেইট)-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত হয়ে মাননীয় উপাচার্যের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবেন। পুষ্পস্তবক অর্পণ শেষে কার্জন হলের ফলিত পদার্থবিজ্ঞান বিভাগের পাশে সকালের নাস্তা পরিবেশন করা হবে।

উল্লিখিত কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

  
(প্রকৌশলী মোঃ জহিদুজ্জামান)  
রেজিস্ট্রার



পরিবহন অফিস  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১১০০  
ফোন : ৯৫১৫৪৪৬  
তারিখ-১৪/০২/২০১৮

জবি/পরিবহন/সাধারণ/২০১৪/২৪৮

## নোটিশ

এতদ্বারা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের যানবাহনে যাতায়াতকারী সকল ছাত্র-ছাত্রী, সম্মানিত শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, আগামী “২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৮” উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের দৈনিক চলমান যানবাহনগুলো যথারীতি নিজ নিজ অবস্থান থেকে সকাল ৬:০০ ঘটিকায় কেন্দ্রীয় শহীদ মিনারের উদ্দেশ্যে ছেড়ে আসবে এবং সকাল ৬:৪৫ ঘটিকায় সায়েন্স ল্যাবরেটরি পৌঁছাবে। গাড়ী চালকগণ নিজ নিজ রুটের যাত্রীদের কেন্দ্রীয় শহীদ মিনারে পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করবেন এবং সায়েন্স ল্যাবরেটরিতে সকল যাত্রী নামার পর যানবাহনগুলো খাদ্য ভবন (সচিবালয়ের পশ্চিম পার্শ্ব) এলাকায় অবস্থান করবে এবং অনুষ্ঠান শেষে নিজ নিজ গন্তব্যের উদ্দেশ্যে ছেড়ে যাবে।

এছাড়াও ক্যাম্পাস হতে ০৩ (তিন) টি বড় বাস বি এন সি সি, রেঞ্জার ইউনিট, রোভার স্কাউট ও ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য সকাল ৬:০০ ঘটিকায় কেন্দ্রীয় শহীদ মিনারের উদ্দেশ্যে ছেড়ে যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

  
(স্বাঃ আব্দুল্লাহ্-আল্-মাসুদ)

পরিবহন প্রশাসক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।